ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩১৯
খোয়াই, ১৮ অক্টোবর, ২০২৫

**খোয়াইয়ে জেলাভিত্তিক অনুর্ধ্ব ১৪ ও ১৭ বছরের ছেলে মেয়েদের স্কুল স্পোর্টস ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ফুটবল মাঠে জেলাভিত্তিক অনুর্ধ্ব ১৪ ও ১৭ বছরের ছেলে মেয়েদের স্কুল স্পোর্টস ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত)। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, খেলাধুলা ও শরীরচর্চা সুস্থ দেহ ও মন গঠনে সহায়ক। পড়াশোনার পাশাপাশি নিয়মিতভাবে খেলাধুলা ও শরীরচর্চা করার জন্য তিনি ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন জেলা ক্রীড়া আধিকারিক কমলেন্দু শীল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা। প্রতিযোগিতায় দু'টি বিভাগেই ছেলে ও মেয়েদের দুটি করে দল অংশ নেয়।

*****